তারিখ : 28 FEB 2016
পৃষ্ঠা ৫ কলাম ৩

সংবাদ

রোকেয়া বিশ্ববিদ্যালয়

# ফি পরিশোধ করেও তিন বছর পরিবহন সুবিধাবঞ্চিত কর্মচারীরা

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

তিন বছর ধরে পরিবহন ফি বাবদ নির্দিষ্ট পরিমাণ টাকা পরিশোধ করেও কোন ধরনের পরিবহন সুবিধা পাচ্ছে না রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা। প্রতি মাসে তাদের বেতন থেকে পরিবহন ফি বাবদ একশ টাকা করে কেটে নেয়া হলেও কোন পরিবহনের ব্যবস্থা করেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। ফলে সুবিধাবঞ্চিত কর্মচারীদের মধ্যে দীর্ঘদিন ধরে ক্ষোভ বিরাজ করছে।

অনুসন্ধানে জানা গেছে, রোকেয়া বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের জন্য তিনটি বিলাস বহুল গাড়ি, শিক্ষকদের জন্য একটি এসি বাস ও একটি মাইক্রোবাস এবং কর্মকর্তাদের জন্য একটি বাস বরাদ্ধ থাকলেও চার শতাধিক কর্মচারীর জন্য কোন পরিবহন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। অথচ ২০১৩ সালের জুলাই মাস থেকে স্থায়ী তিন শতাধিক (মাস্টার রোল ব্যতীত) কর্মচারীদের বেতন হতে পরিবহন ফি বাবাদ প্রতি মাসে ১০০ টাকা করে কেটে নেয়া হয়েছে। পরিবহন সুবিধা না দিয়ে অযৌক্তকভাবে ফি নেয়ার প্রতিবাদ করলে ২০১৫ সালের জুলাই মাস হতে পরিবহন ফি ২৫ টাকা কমিয়ে ৭৫ টাকা নির্ধারণ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সূত্রে আরও জানা যায়, গত আড়াই বছরে কর্মচারীদের নিকট হতে পরিবহন ফি বাবদ প্রায় দশ লক্ষ টাকা আদায় করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ফি দিয়ে সুবিধা বঞ্চিত হওয়ায় অসন্তোষ প্রকাশ করেছে কর্মচারীরা।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন কর্মচারী সংবাদ'কে জানিয়েছে, বিভিন্ন সময়ে তারা পরিবহন সুবিধার জন্য দাবি জানালেও পদক্ষেপ নেয়নি বিশ্ববিদ্যালয় প্রশাসন। সবশেষে ছয় দফা দাবি সম্বলিত পোস্টার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে লাগিয়েছেন। সেখানে নিরাপত্তা প্রহরীদের পরিবহন বাবদ ১০০ টাকা ফি নেয়া বন্ধ এবং দ্রুত কর্মচারীদের জন্য পরিবহন ব্যবস্থা করতে-হবে এ সংক্রান্ত দুটি দাবি উল্লেখ করা হয়েছে। তবে বিশ্ববিদ্যালয় কর্মচারী ইউনিয়নের সাবেক সদস্য সচিব রশিদুল হক বলেন, কর্মচারীদের দাবির প্রেক্ষিতে আগামী জুন-জুলাই মাসে কর্মচারীদের জন্য একটি বাসের ব্যাবস্থা করার আশ্বাস দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ফি পরিশোধ করেও পরিবহন ব্যবস্থা না করার বিষয়ে জানতে চাইলে পরিবহন পুল এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আলী হাসান বিষয়টি কৌশলে এড়িয়ে যান। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার মুহাম্মদ ইব্রাহীম কবীর জানান, বিষয়টি সম্পর্কে আমি শুনেছি। তবে বিশ্ববিদ্যালয়ে নবাগত হওয়ায় পুরো বিষয়টি সম্পর্কে অবগত নই, তাই মন্তব্য করতে পারছি না।